

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী (২য় সংশোধিত)

পল্লী ভবন (৭ম তলা)

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Web:mcpmp.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.২৫৯

তারিখ: ২১-০৮-২০২২ খ্রিঃ।

বিষয়: ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্পের বীজ ও চারা ক্রয় সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ কর্মঅঙ্গ হচ্ছে প্রকল্পভূক্ত সদস্যদের মাঝে বিনামূল্যে অপ্রধান শস্যের বীজ ও চারা বিতরণ। উপজেলা পর্যায়ে এ বীজ ও চারা ক্রয় করা হয়ে থাকে। এ ক্ষেত্রে কিছু কিছু উপজেলায় মানসম্মত বীজ ও চারা প্রদান করা হয় না বা ভালোমানের বীজ ও চারা সংগ্রহ করা সম্ভব হয় না। এ বিষয়ে গত ২৭/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৭ম পিএসসি সভায় বিএডিসি হতে মানসম্মত বীজ ও চারা সংগ্রহের প্রস্তাব করা হলে তা বাস্তবায়নে প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করা হয়। তদালোকে চলতি ২০২২-২৩ অর্থ বছরে অপ্রধান শস্যের মানসম্মত বীজ ও চারা ক্রয়ে নিম্ন উল্লেখ্য নির্দেশাবলী প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

মানসম্মত বীজ ও চারা ক্রয়ে অনুসরণীয় নির্দেশাবলী:

- ১। যথাসম্ভব স্থানীয় বিএডিসি দপ্তর হতে অপ্রধান শস্যের বীজ ও চারা সংগ্রহ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে প্রয়োজনে বছরের শুরুতে স্থানীয় বিএডিসি দপ্তরে নির্ধারিত অপ্রধান শস্যের বীজ ও চারার চাহিদা দাখিল করা যেতে পারে। স্থানীয় বিএডিসি দপ্তরে দাখিলকৃত চাহিদাপত্রের অনুলিপি প্রকল্প সদরদপ্তরে প্রেরণ করতে হবে।
- ২। স্থানীয় বিএডিসি দপ্তর হতে অপ্রধান শস্যের বীজ ও চারা সংগ্রহ করা সম্ভব না হলে উপজেলা কমিটির সিদ্ধান্তের আলোকে স্থানীয়ভাবে ভালো মানের বীজ ও চারা সংগ্রহ করা যেতে পারে।
- ৩। সর্বোপরি মানসম্মত অপ্রধান শস্যের বীজ ও চারা সরবরাহ নিশ্চিত করতে হবে এবং বীজ ও চারা বিতরণের ছবি'র সফটকপি প্রকল্প সদরদপ্তরে (mcpmp.ap@gmail.com) প্রেরণ নিশ্চিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরি।



(মোঃ তাফজেল হোসেন)

প্রকল্প পরিচালক

ফোন:-০২ ৮১৮০০৪৬

E-mail:pdmcpmp@gmail.com

প্রাপক:

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা: ----- (২৫৬)

জেলা: ----- (সকল)।

অনুলিপি:

১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। অফিস নথি।